বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৪ তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ বাংলাদেশ বেতারে শিল্পী হিসেবে তালিকাভুক্তি সংক্রান্ত নীতিমালা।

বাংলাদেশ বেতারের বিভিন্ন বিভাগে যথা- সংগীত, নাটক, সংবাদ, অনুষ্ঠান উপস্থাপনা, আবৃত্তি, ধর্মীয় গ্রন্থ পাঠ, রিপোর্টিং ও ধারাভাষ্য-এ তালিকাভুক্তির ক্ষেত্রে কণ্ঠস্বর পরীক্ষা বা অডিশন গ্রহণকল্পে নিম্নরূপে পৃথক পৃথক বোর্ড গঠিত হবে।

২। বোর্ড গঠন প্রকৃতি:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| (ক) | সভাপতি | পরিচালক/পরিচালক বার্তা /আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক। | কেন্দ্র/ইউনিটের প্রধান সভাপতির দায়িত্ব পালন করবেন। |
| (খ) | সদস্য-২জন | উপ-পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/ উপ-বার্তা নিয়ন্ত্রক / সংশ্লিষ্ট নিজস্ব শিল্পী। | উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/উপ-বার্তা নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট নি:শি: না থাকলে সদর দপ্তর /অন্য আঞ্চলিক কেন্দ্র থেকে উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/উপ-বার্তা নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট নি:শি: বোর্ডের সদস্য করা যাবে। তবে সদস্য হিসেবে কমপক্ষে একজন কর্মকর্তা থাকতে হবে। |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩ জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তি অতিথি বিশেষজ্ঞ (বেতারে কর্মরত নন) সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী। |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/ উপ-বার্তা নিয়ন্ত্রক/ সহকারী পরিচালক/ সহকারী বার্তা নিয়ন্ত্রক। | সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিটে সহকারী পরিচালক/সহকারী বার্তা নিয়ন্ত্রক না থাকলে উপ-পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সদস্য সচিব হবে। |

প্রতিটি বোর্ডে সভাপতি ও সদস্য সচিবসহ সর্বোচ্চ ৭(সাত) জন এবং সর্বনিম্ন ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে গঠিত হবে। বোর্ড যদি ৫(পাঁচ) সদস্যের সমন্বয়ে গঠিত হয় সে ক্ষেত্রে সভাপতি, সদস্য সচিব, সদস্য ১(এক) জন করে ও বিশেষজ্ঞ সদস্য ২(দুই) জন-এর সমন্বয়ে বোর্ড গঠিত হবে। এক্ষেত্রে বিশেষজ্ঞ সদস্য সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ সাবেক বেতার কর্মকর্তা/নিজস্ব শিল্পী অথবা সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী অতিথি বিশেষজ্ঞ হতে পারেন। ৭/৫ সদস্যের বোর্ডের ক্ষেত্রে সভাপতি ও সদস্য সচিব ব্যতীত কমপক্ষে ২(দুই) জন বিশেষজ্ঞ সদস্যকে প্রতি বোর্ডের সভায় উপস্থিত থাকতে হবে। বর্ণিত 'ছক' অনুযায়ী বোর্ড গঠনে সমস্যা হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণপূর্বক মহাপরিচালকের অনুমোদনক্রমে বোর্ড গঠন করতে হবে। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের উদ্যোগ নিতে পারবে।

৩। বোর্ডের দায়িত্ব ঃ

ক. বোর্ডের সভাপতি প্রতি ৬ (ছয়) মাস অন্তর কণ্ঠস্বর পরীক্ষার উদ্যোগ গ্রহণ করতে পারবে। এছাড়া বিশেষ প্রয়োজনে যে কোন সময় মহাপরিচালকের অনুমোদনক্রমে অডিশন গ্রহণ করতে পারবে।

খ. কণ্ঠস্বর পরীক্ষা সজীব হবে এবং শিল্পীকে সশরীরে নির্ধারিত বোর্ডে উপস্থিত থাকতে হবে।

গ. কণ্ঠস্বর পরীক্ষা গ্রহণকালে যাতে নিরপেক্ষতা বজায় থাকে সে ব্যাপারে বোর্ডের সভাপতি সচেষ্ট থাকবেন।

ঘ. কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ণ শিল্পী (সংগীত/ নাটক/ উপস্থাপনা/ সংবাদ/ আবৃত্তি/ ধর্মীয় গ্রন্থ পাঠ/ রিপোর্টিং/ ধারাভাষ্য) সরাসরি 'গ' শ্রেণিতে তালিকাভুক্ত হবেন। উল্লেখ্য যে, নির্বাচিত শিল্পীর পরিবেশনার মান জাতীয় পর্যায়ে স্বীকৃত হলে তাঁকে সরাসরি 'খ' শ্রেণিতে তালিকাভুক্তির সুপারিশ করা যাবে। তবে তা মহাপরিচালকের অনুমোদনের জন্য বিচারকের স্বাক্ষর সম্বলিত টেবুলেশন সিট ও সিডি প্রেরণ করতে হবে।

ঙ. যেহেতু উচ্চাঙ্গ সংগীতকে সংগীতের মূল ভিত্তি হিসেবে গণ্য করা হয়, সেহেতু উচ্চাঙ্গ সংগীতে কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ণদের সরাসরি 'খ' শ্রেণিতে তালিকাভুক্ত হবে। উচ্চাঙ্গ সংগীতের ক্ষেত্রে অত্যন্ত বিচক্ষণতার সাথে পরীক্ষা গ্রহণ করে কেবল বিশেষ যোগ্য ও অভিজ্ঞ শিল্পীদের তালিকাভুক্ত করতে হবে।

চ. কণ্ঠস্বর পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষার ১(এক) মাস পূর্বেই শিল্পীদের কণ্ঠস্বর পরীক্ষার বিষয়ে বিভিন্ন পাবলিক নোটিশ বোর্ডে টাঙিয়ে দিতে হবে। অনুষ্ঠেয় কণ্ঠস্বর পরীক্ষার ঘোষণা অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে বাংলাদেশ বেতারে কমপক্ষে ২০ দিন পূর্বে ৭ বার ও পরবর্তীকালে ৮ বার এবং স্থানীয় সংবাদে প্রচার করতে হবে। সংশ্লিষ্ট শিল্পীদের আবেদনপত্র দপ্তর প্রধান বরাবরে সরাসরি বা ডাকযোগে কিংবা অনলাইনে জমা দিতে হবে।

ছ. কেন্দ্র বা দপ্তর প্রধান যে কোন কণ্ঠস্বর পরীক্ষা গ্রহণের পূর্বে লিখিতভাবে সদর দপ্তর-কে অবহিত করবে।

৪। বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার থেকে সকল ভাষায় প্রচারিত অনুষ্ঠানের উপস্থাপনা ও সংবাদ পাঠকদের কণ্ঠস্বর পরীক্ষা গ্রহণ করতে পারবে। বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার এবং আঞ্চলিক কেন্দ্রসমূহ (ঢাকা কেন্দ্র ব্যতীত) ধারাভাষ্যকারদের কণ্ঠস্বর পরীক্ষা গ্রহণ করতে পারবে। খেলা ধারাভাষ্যকারদের তালিকাভুক্তির জন্য আঞ্চলিক কেন্দ্রের বোর্ডে সদস্য হিসেবে মহাপরিচালকের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।

৫। বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত শিল্পী নন, এরূপ প্রথিতযশা শিল্পীর ক্ষেত্রে বাংলাদেশ বেতার প্রয়োজন মনে করলে নিম্নবর্ণিত বোর্ড মহাপরিচালকের অনুমোদনক্রমে তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে এবং শিল্পীর কেন্দ্র ও গ্রেড নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট সকল কেন্দ্র/ইউনিটে রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য পত্রের মাধ্যমে জানিয়ে দিবে।

(পৃষ্ঠা-২ দ্রষ্টব্য)

সদর দপ্তরের বোর্ড:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) | - |
| (খ) | সদস্য-২ জন | পরিচালক (অনুষ্ঠান) ও পরিচালক (সংগীত) | - |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩ জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তি অতিথি বিশেষজ্ঞ (বেতারে কর্মরত নন) সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী। |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক অথবা সহকারী পরিচালক | সংগীত অনুবিভাগের উপ-পরিচালক অথবা সহকারী পরিচালক না থাকলে সদর দপ্তরের অন্য শাখার উপ-পরিচালক বা সহকারী পরিচালককে সদস্য সচিব করা যাবে। |

বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২ (দুই) বছর। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

বোর্ডের সকল সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ শিল্পীদের পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ তালিকা অবগতি ও কার্যার্থে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৭। কোন নাট্যকারের নাটক (স্থিতি ৩০ মিনিটের ঊর্ধ্বে) বাংলাদেশ বেতারে প্রচারিত হলে, তিনি বাংলাদেশ বেতারের 'গ' শ্রেণিতে নাট্যকার হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

৮। অতিথি প্রযোজক (সংগীত/নাটক) অথবা অন্য যে কোন ক্যাটাগরিতে (যা এ নীতিমালায় উল্লেখ নেই) তালিকাভুক্তির ক্ষেত্রে দপ্তরের প্রয়োজনে এ নীতিমালার ২-এ বর্ণিত বোর্ডের আলোকে প্রাথমিক নির্বাচন করে চূড়ান্ত অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করতে হবে। অতিথি প্রযোজক (সংগীত/নাটক)-এ তালিকাভুক্তির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে সদর দপ্তরে প্রস্তাবনা প্রেরণ করতে হবে।

ক. বাংলাদেশ বেতারের সংগীত/নাট্যশিল্পীর ক্ষেত্রে কমপক্ষে 'এ' গ্রেড এবং অন্য কোন প্রতিষ্ঠানে বা সংগঠনের ক্ষেত্রে ন্যূনতম ৫টি মৌলিক গান/ নাটক পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

খ. সংগীত/নাট্যশিল্পী হিসেবে বাংলাদেশ বেতারে ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সংগীত/নাটকে কোন প্রতিষ্ঠানে বা সংগঠনে ১৫ (পনের) বছরের প্রামাণ্য অভিজ্ঞতা থাকতে হবে।

গ. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নাটক ও সংগীতে উচ্চতর ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকলে সে ক্ষেত্রে এ নীতিমালার ৮-এর ক-খ-তে উল্লিখিত বিষয় শিথিল করা যাবে।

৯। সম্মানী : বোর্ডের সকল সদস্য ১,০০০/- (এক হাজার) টাকা হারে অথবা শিল্পী সম্মানীতে উল্লিখিত হারে সম্মানী প্রাপ্য হবেন। প্রযোজ্য ক্ষেত্রে বেতারের কর্মকর্তা, নিজস্ব শিল্পী বা তালিকাভুক্ত শিল্পী নন এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রথম শ্রেণির টিএ/ডিএ প্রাপ্য হবে।

এক কেন্দ্র থেকে অন্য কেন্দ্রে কোন শিল্পী অনুষ্ঠানে অংশগ্রহণ করতে চাইলে স্থায়ী আপত্তিহীন ছাড়পত্র (NOC) এনে সংশ্লিষ্ট দপ্তরে উপস্থাপন করতে হবে। শিল্পীর স্থায়ী আপত্তিহীন ছাড়পত্র (NOC) সঠিক কি না, তা যাচাই-বাছাই এবং প্রয়োজনবোধে শিল্পীর গুণগতমান পুনরায় পরীক্ষার মাধ্যমে নিরূপণপূর্বক দপ্তর প্রধান বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।

১১। শিল্পীদের তালিকাভুক্তির বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(কাজী আখতার উদ্দিন আহমেদ)
মহাপরিচালক
তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৪

অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপ-মহাপরিচালক, অনুষ্ঠান/বার্তা এবং প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ অনুষ্ঠান/ বার্তা/ কৃষি বিষয়ক কার্যক্রম/ বহির্বিশ্ব কার্যক্রম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ সংগীত/ শিক্ষা বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/কুমিল্লা।
৪. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ কুমিল্লা।
৫. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬. নথি।

সদয় অবগতিকল্পে :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মুঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (সংগীত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১২. ৯৭৮৫ তারিখ : ১৫/১১/২৩

বিষয় ঃ বাংলাদেশ বেতারের নীতিমালা মোতাবেক শিল্পীদের অডিশন ও গ্রেডেশন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতারের নীতিমালা মোতাবেক শিল্পীদের নির্বাচন, অডিশন ও গ্রেডেশন গ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত বিষয়গুলো অনুসরণ করা নির্দেশনা প্রদান করা হলো।

১. শিল্পীদের অডিশনের ক্ষেত্রে ঃ-

(ক) কেন্দ্র বা দপ্তর প্রধান যে কোন কণ্ঠস্বর পরীক্ষা গ্রহণের পূর্বে লিখিতভাবে সদর দপ্তর-কে অবহিত করবে।
(খ) বোর্ডের সকল সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ শিল্পীদের পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ তালিকা অবগতি ও কার্যার্থে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

২. গ্রেডেশনের ক্ষেত্রে ঃ-

নীতিমালার ৭নং অনুচ্ছেদ অনুযায়ী তালিকাভুক্ত শিল্পীদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে বোর্ডের সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ শিল্পীদের নাম, পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ টেবুলেশন সিট ও সিডিসহ তালিকা চূড়ান্তভাবে অনুমোদনের জন্য সদর দপ্তরে পাঠাতে হবে এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তী সময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. গীতিকারদের তালিকাভুক্তি ও গ্রেডেশনের ক্ষেত্রে ঃ-

- নীতিমালার ৫নং অনুচ্ছেদ মোতাবেক গীতিকার নির্বাচন ও তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে বোর্ডের সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ গীতিকারের পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ টেবুলেশন সিট, গানের পাণ্ডুলিপি ও তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য সদর দপ্তরে পাঠাতে হবে এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এছাড়াও নীতিমালার অন্যান্য নির্দেশনা প্রতি আরো বেশি যত্নবান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

(মুঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (সংগীত)
মহাপরিচালকের পক্ষে।
ফোন ঃ ৯৬৭২৮০৬

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-

১. উপ-মহাপরিচালক, অনুষ্ঠান/বার্তা এবং প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ অনুষ্ঠান/ বার্তা/ কৃষি বিষয়ক কার্যক্রম/ বহির্বিশ্ব কার্যক্রম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ সংগীত/ শিক্ষা বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/কুমিল্লা।
৪. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

*একই নম্বর ও সূত্রে প্রতিস্থাপিত*

বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৫ — তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত শিল্পীদের শ্রেণি নির্ধারণ বিষয়ক নীতিমালা।

বাংলাদেশ বেতারের বিভিন্ন বিভাগে যথা- সংগীত, নাটক, সংবাদ, অনুষ্ঠান উপস্থাপনা, আবৃত্তি, ধর্মীয় গ্রন্থ পাঠ, রিপোর্টিং ও ধারাভাষ্য-এ তালিকাভুক্ত শিল্পীদের শ্রেণি নির্ধারণকল্পে নিম্নরূপ পৃথক পৃথক বোর্ড গঠিত হবে। কেন্দ্র/ইউনিট প্রধানগণ মহাপরিচালকের অনুমোদনের জন্য বোর্ডের সদস্যদের নাম ও পূর্ণ ঠিকানা সদর দপ্তরে প্রেরণ করবে।

২। বোর্ড গঠন প্রকৃতি:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | পরিচালক/পরিচালক বার্তা/আঞ্চলিক পরিচালক /আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক। | কেন্দ্র/ইউনিটের প্রধান সভাপতির দায়িত্ব পালন করবে। |
| (খ) | সদস্য-২জন | উপ-পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/ উপ-বার্তা নিয়ন্ত্রক / সংশ্লিষ্ট নিজস্ব শিল্পী। | উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/উপ-বার্তা নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট নি:শি: না থাকলে সদর দপ্তর /অন্য আঞ্চলিক কেন্দ্র থেকে উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/উপ-বার্তা নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট নি:শি: বোর্ডের সদস্য করা যাবে। তবে সদস্য হিসেবে কমপক্ষে একজন কর্মকর্তা থাকতে হবে। |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩ জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তি অতিথি বিশেষজ্ঞ (বেতারে কর্মরত নন) সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী। |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/উপ-বার্তা নিয়ন্ত্রক/ সহকারী পরিচালক/সহকারী বার্তা নিয়ন্ত্রক । | সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিটে সহকারী পরিচালক/সহকারী বার্তা নিয়ন্ত্রক না থাকলে উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সদস্য সচিব হবে। |

প্রতিটি বোর্ডের সভাপতি ও সদস্য সচিবসহ সর্বোচ্চ ৭(সাত) জন এবং সর্বনিম্ন ৫(পাঁচ) জন সদস্য সমন্বয়ে গঠিত হবে। বোর্ড যদি ৫(পাঁচ) সদস্যের সমন্বয়ে গঠিত হয় সে ক্ষেত্রে সভাপতি, সদস্য সচিব, সদস্য ১(এক) জন করে ও বিশেষজ্ঞ সদস্য ২(দুই) জন-এর সমন্বয়ে বোর্ড গঠিত হবে। এক্ষেত্রে বিশেষজ্ঞ সদস্য সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ সাবেক বেতার কর্মকর্তা/নিজস্ব শিল্পী অথবা সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী অতিথি হতে পারেন। ৭/৫ সদস্যের বোর্ডের ক্ষেত্রে সভাপতি ও সদস্য সচিব ব্যতীত কমপক্ষে ২(দুই) জন বিশেষজ্ঞ সদস্যকে প্রতি বোর্ডের সভায় উপস্থিত থাকতে হবে। বর্ণিত 'ছক' অনুযায়ী বোর্ড গঠনে সমস্যা হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ পূর্বক মহাপরিচালকের অনুমোদনক্রমে বোর্ড গঠন করতে হবে। প্রয়োজনবোধে সদর দপ্তর একজন প্রতিনিধি বোর্ডে পর্যবেক্ষক হিসেবে পাঠাতে পারবে। অনুমোদিত বোর্ডের মেয়াদ ১(এক) বছর কার্যকর থাকবে এবং প্রয়োজনবোধে বোর্ডের সভাপতি যে কোন সময় বোর্ড পুনর্গঠনের উদ্যোগ নিতে পারবেন।

৩। বোর্ডের দায়িত্ব ঃ

ক) প্রতি কেন্দ্র/ইউনিট বছরে শুধুমাত্র ১(এক) বার শ্রেণি নির্ধারণের ব্যবস্থা নিতে পারবে।

খ) শ্রেণি নির্ধারণ পরীক্ষা সজীব হবে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পীদের পরিবেশিত অনুষ্ঠানের মান অনুযায়ী শ্রেণি নির্ধারিত হবে। শিল্পীর আবেদনের প্রেক্ষিতে বিশেষ ক্ষেত্রে বোর্ডের সদস্যগণ শিল্পীদের বাংলাদেশ বেতারে সদ্য রেকর্ডকৃত/প্রচারিত (অনুর্ধ ৬ মাস) অনুষ্ঠান বিবেচনার মাধ্যমে শ্রেণি নির্ধারণ করবে।

গ) মান যাচাইয়ে কোন শিল্পীর অনুষ্ঠান প্রচার উপযোগী না হলে, প্রচারিত অধিবেশন প্রতিবেদনের সংযুক্ত করে অনুষ্ঠানের মান সম্পর্কে তাঁকে সতর্ক করে দিতে হবে। পরবর্তীকালে দুটি অনুষ্ঠানে শিল্পীর পরিবেশনায় কোন উন্নতি পরিলক্ষিত না হলে প্রচারিত অনুষ্ঠানের রেকর্ড শ্রেণি নির্ধারণী বোর্ডের সভায় উপস্থাপন করতে হবে। প্রয়োজন হলে শ্রেণি নির্ধারণ কমিটি শিল্পীকে অস্থায়ী বা স্থায়ীভাবে অনুষ্ঠান না দেয়ার সুপারিশ করতে পারবে। তবে এক্ষেত্রে শিল্পীর শ্রেণি অবনমন করা যাবে না।

ঘ) শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে পরীক্ষার ১(এক) মাস পূর্বেই শিল্পীদের শ্রেণি নির্ধারণ পরীক্ষার বিষয়ে বিভিন্ন পাবলিক নোটিশ বোর্ডে টাঙিয়ে দিতে হবে। অনুষ্ঠেয় শ্রেণি নির্ধারণ পরীক্ষার ঘোষণা বাংলাদেশ বেতারে অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে কমপক্ষে ২০ দিন পূর্বে ৭ বার ও পরবর্তীকালে ৮ বার এবং স্থানীয় সংবাদে প্রচার করতে হবে। সংশ্লিষ্ট শিল্পীদের আবেদনপত্র দপ্তর প্রধান বরাবর সরাসরি বা ডাকযোগে কিংবা অনলাইনে জমা দিতে হবে।

ঙ) কেন্দ্র বা দপ্তর প্রধান যে কোন শ্রেণি নির্ধারণ পরীক্ষা গ্রহণের পূর্বে লিখিতভাবে সদর দপ্তর-কে অবহিত করবে।

৪। বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার থেকে সকল ভাষায় প্রচারিত অনুষ্ঠানের উপস্থাপনা ও সংবাদ পাঠকদের শ্রেণি নির্ধারণ পরীক্ষা গ্রহণ করতে পারবে। বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার এবং আঞ্চলিক কেন্দ্রসমূহ (ঢাকা কেন্দ্র ব্যতীত) ধারাভাষ্যকারদের শ্রেণি নির্ধারণ পরীক্ষা গ্রহণ করতে পারবে। আঞ্চলিক কেন্দ্রের ধারাভাষ্যকারদের শ্রেণি নির্ধারণ বোর্ড গঠনের ক্ষেত্রে সদস্য হিসেবে মহাপরিচালকের প্রতিনিধি বোর্ডে অন্তর্ভুক্ত থাকবেন।

(পৃষ্ঠা-২ দ্রষ্টব্য)

৫। বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/নিজস্ব শিল্পী স্ব স্ব কেন্দ্র প্রধানের মাধ্যমে এবং সাবেক কর্মকর্তা/কর্মচারী/নিজস্ব শিল্পীগণ তাঁদের নিজ এলাকার কেন্দ্র প্রধানের মাধ্যমে শ্রেণি নির্ধারণের জন্য মহাপরিচালক বরাবরে আবেদন করবেন। সদর দপ্তরের অধীনে নিম্নবর্ণিত বোর্ড আবেদনকারীদের শ্রেণি নির্ধারণের বিষয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

সদর দপ্তরের বোর্ড:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) | - |
| (খ) | সদস্য- ২ জন | পরিচালক (অনুষ্ঠান) ও পরিচালক (সংগীত) | - |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩ জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তি অতিথি বিশেষজ্ঞ (বেতারে কর্মরত নন) সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী। |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক অথবা সহকারী পরিচালক | সংগীত অনুবিভাগের উপ-পরিচালক অথবা সহকারী পরিচালক না থাকলে সদর দপ্তরের অন্য শাখার উপ-পরিচালক বা সহকারী পরিচালককে সদস্য সচিব করা যাবে। । |

বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর। প্রয়োজনবোধে বোর্ডের সভাপতি যে কোন সময় বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

৬। শ্রেণি নির্ধারণী বোর্ড শিল্পীদের প্রতিভা ও মেধার যথাযথ মূল্যায়ন করে তাঁদের উচ্চতর শ্রেণিতে উন্নীত/অনুষ্ঠান স্থগিত (স্থায়ী বা অস্থায়ী) করার প্রস্তাব বাংলাদেশ বেতারের মহাপরিচালকের অনুমোদনের জন্য প্রেরণ করবে। মহাপরিচালকের অনুমোদনের পর শিল্পীদের শ্রেণি উন্নীত/ অনুষ্ঠান স্থগিতের (স্থায়ী বা অস্থায়ী) বিষয়টি কার্যকর হবে।

৭। তালিকাভুক্ত শিল্পীদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে বোর্ডের সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ শিল্পীদের নাম, পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ টেবুলেশন সিট ও সিডিসহ তালিকা চূড়ান্তভাবে অনুমোদনের জন্য সদর দপ্তরে পাঠাতে হবে এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তী সময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। নাট্যকারদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে 'গ' শ্রেণি থেকে 'খ' শ্রেণিতে ১০টি, 'খ' শ্রেণি থেকে 'ক' শ্রেণিতে ১৫টি এবং 'ক' শ্রেণি থেকে 'বিশেষ' শ্রেণিতে ২০টি (স্থিতি ৩০ মিনিটের উর্ধ্বে) মৌলিক নাটক বাংলাদেশ বেতারে প্রচারিত হতে হবে। তালিকাভুক্ত নাট্যকারের রচিত এবং প্রচারিত মৌলিক নাটক মান বিচারের সময় বোর্ড মনে করলে বর্ণিত নাটকের সংখ্যা শিথিল করতে পারবে। তবে তা সদর দপ্তরের নির্ধারিত বোর্ডের সুপারিশক্রমে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তাদের শ্রেণি নির্ধারণ কার্যকর হবে।

৯। তালিকাভুক্ত অতিথি প্রযোজক (সংগীত/নাটক)-এর শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে প্রত্যেক ধাপে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সময়ের মধ্যে বেতারে প্রচারিত সংগীতের ক্ষেত্রে কমপক্ষে ১৫(পনের)টি গান এবং নাটকের ক্ষেত্রে কমপক্ষে ৫(পাঁচ)টি পূর্ণাঙ্গ নাটকের পরিচালনা করতে হবে।

১০। সম্মানী ঃ বোর্ডের সকল সদস্য ১,০০০/- (এক হাজার) টাকা হারে অথবা শিল্পী সম্মানীতে উল্লিখিত হারে সম্মানী প্রাপ্য হবেন। প্রযোজ্য ক্ষেত্রে বেতারের কর্মকর্তা, নিজস্ব শিল্পী বা শিল্পী নন এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রথম শ্রেণির টিএ/ডিএ প্রাপ্য হবে।

১১। তালিকাভুক্ত শিল্পীদের শ্রেণি নির্ধারণ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(কাজী আখতার উদ্দিন আহমেদ)
মহাপরিচালক
তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৫

অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপ-মহাপরিচালক, অনুষ্ঠান/বার্তা এবং প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ অনুষ্ঠান/ বার্তা/ কৃষি বিষয়ক কার্যক্রম/ বহির্বিশ্ব কার্যক্রম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ সংগীত/ শিক্ষা বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/কুমিল্লা।
৪. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ কুমিল্লা।
৫. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬. নথি।

সদয় অবগতিকল্পে :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মুঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (সংগীত)

*একই নম্বর ও সূত্রে প্রতিস্থাপিত*

বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৬

তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ **গীতিকারদের তালিকাভুক্তি সংক্রান্ত নীতিমালা।**

বাংলাদেশ বেতারে গীতিকার হিসেবে তালিকাভুক্তির ক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের আঞ্চলিক পরিচালকগণ স্ব স্ব বেতার অঞ্চলভিত্তিক আবেদনকারী গীতিকারদের ২৫(পঁচিশ)টি গানের পাণ্ডুলিপি নির্ধারিত বোর্ডের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক গীতিকার নির্বাচনের যথাযথ ব্যবস্থা নিবেন।

২। বোর্ড গঠন প্রকৃতি:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | আঞ্চলিক পরিচালক | আঞ্চলিক পরিচালক সভাপতির দায়িত্ব পালন করবেন। |
| (খ) | সদস্য- ১(এক) জন | উপ-আঞ্চলিক পরিচালক | উপ-আঞ্চলিক পরিচালক না থাকলে সদর দপ্তর/ অন্য আঞ্চলিক কেন্দ্রের উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালককে বোর্ডের সদস্য করা যাবে। |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য- ২(দুই) জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তিত্ব যেমন- অধ্যাপক, গীতিকার, কবি ও সাহিত্যিক অতিথি বিশেষজ্ঞ সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী । |
| (ঘ) | সদস্য সচিব | সহকারী আঞ্চলিক পরিচালক অথবা উপ-আঞ্চলিক পরিচালক | সহকারী আঞ্চলিক পরিচালক না থাকলে উপ-পরিচালক/ উপ-আঞ্চলিক পরিচালক সদস্য সচিব হবে। |

স্ব স্ব কেন্দ্রের আঞ্চলিক পরিচালক উল্লিখিত বোর্ড গঠনের প্রস্তাব অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করবেন। বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন। বোর্ডের সভাপতি বছরে একবার পাণ্ডুলিপি নির্ধারিত বোর্ডের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষার উদ্যোগ গ্রহণ করতে পারবেন।

৩। গীতিকার হিসেবে তালিকাভুক্তির ক্ষেত্রে পরীক্ষার ১(এক) মাস পূর্বেই পাণ্ডুলিপি জমা দেয়ার বিষয়ে বিভিন্ন পাবলিক নোটিশ বোর্ডে টাঙিয়ে দিতে হবে। অনুষ্ঠেয় পরীক্ষার ঘোষণা বাংলাদেশ বেতারে অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে কমপক্ষে ২০(বিশ) দিন পূর্বে ৭(সাত) বার ও পরবর্তীকালে ৮(আট) বার এবং স্থানীয় সংবাদে প্রচার করতে হবে। গীতিকার হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহীগণ স্বরচিত ২৫(পঁচিশ)টি গানের পাণ্ডুলিপিসহ আবেদনপত্র দপ্তর প্রধান বরাবরে সরাসরি বা ডাকযোগে এবং অনলাইনে জমা দিতে হবে।

৪। গানের মান বিচারে গীতিকার হিসেবে নির্বাচিতদের 'গ' শ্রেণিতে তালিকাভুক্তির জন্য বোর্ডের সদস্যগণ সুপারিশ করবেন। উল্লেখ্য যে, নির্বাচিত গীতিকারের রচিত মৌলিক গানের মান বিচারের সময় জাতীয় পর্যায়ে স্বীকৃত হলে তাঁকে সরাসরি 'খ' শ্রেণিতে তালিকাভুক্তির সুপারিশ করা যাবে। তবে তা সদর দপ্তরের নির্ধারিত বোর্ডের সুপারিশের জন্য প্রেরণ করতে হবে এবং মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি কার্যকর হবে।

৫। গীতিকার নির্বাচন ক্ষেত্রে বোর্ডের সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ গীতিকারের পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ টেবুলেশন সিট, গানের পাণ্ডুলিপি ও তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য সদর দপ্তরে পাঠাতে হবে এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত গীতিকার নন, এরূপ প্রথিতযশা গীতিকারের ক্ষেত্রে সদর দপ্তরের অধীনে নিম্নবর্ণিত বোর্ড প্রয়োজন মনে করলে তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদনক্রমে শিল্পীর কেন্দ্র ও গ্রেড নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট সকল কেন্দ্র/ইউনিটে রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য পত্রের মাধ্যমে জানিয়ে দিবে।

সদর দপ্তরের বোর্ড:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) | - |
| (খ) | সদস্য-২(দুই) জন | পরিচালক (অনুষ্ঠান) ও পরিচালক (সংগীত) | - |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩(তিন) জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তিত্ব যেমন- অধ্যাপক, গীতিকার, কবি ও সাহিত্যিক অতিথি বিশেষজ্ঞ সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী । |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক, সংগীত অথবা সহকারী পরিচালক | সংগীত অনুবিভাগের উপ-পরিচালক অথবা সহকারী পরিচালক না থাকলে সদর দপ্তরের অন্য শাখার উপ-পরিচালক বা সহকারী পরিচালককে সদস্য সচিব করা যাবে। |

বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

(অপর পৃষ্ঠা-২ দ্রষ্টব্য)

০৮/১০/১৫

৭। একজন গীতিকারের একাধিক কেন্দ্রে তালিকাভুক্তির প্রয়োজন নেই। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্র সকল কেন্দ্র/ইউনিট-কে পত্র দিয়ে অবগত করবে এবং কেন্দ্রগুলো তা রেজিস্টারে লিপিবদ্ধ করবে।

৮। সম্মানী ঃ বোর্ডের সকল সদস্য ১,০০০/-(এক হাজার) টাকা হারে অথবা শিল্পী সম্মানীতে উল্লিখিত হারে সম্মানী প্রাপ্য হবেন। প্রযোজ্য ক্ষেত্রে বেতারের কর্মকর্তা, নিজস্ব শিল্পী বা তালিকাভুক্ত শিল্পী নন এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রথম শ্রেণির টিএ/ডিএ প্রাপ্য হবে।

৯। রয়্যালিটি গ্রহণের ক্ষেত্রে গীতিকারগণ আবেদনের প্রেক্ষিতে মহাপরিচালকের অনুমোদনক্রমে সর্বোচ্চ ২(দুই) বার কেন্দ্র পরিবর্তন করতে পারবেন। প্রতি বছর সকল কেন্দ্র গীতিকারদের হাল-নাগাদ তালিকা সদর দপ্তর বরাবর প্রেরণ করবে।

১০। গীতিকার নির্বাচন বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(কাজী আখতার উদ্দিন আহমেদ)
মহাপরিচালক

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৬ তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপ-মহাপরিচালক, অনুষ্ঠান/বার্তা এবং প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ অনুষ্ঠান/ বার্তা/ কৃষি বিষয়ক কার্যক্রম/ বহির্বিশ্ব কার্যক্রম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ সংগীত/ শিক্ষা বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/কুমিল্লা।
৪. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ কুমিল্লা।
৫. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬. নথি।

সদয় অবগতিকল্পে :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মুঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (সংগীত)

*একই নম্বর ও সূত্রে প্রতিস্থাপিত*

বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৭

তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণ বিষয়ক নীতিমালা।

বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণকল্পে নিম্নবর্ণিতভাবে বোর্ড গঠিত হবে।

২। বোর্ড গঠন প্রকৃতি:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | আঞ্চলিক পরিচালক | আঞ্চলিক পরিচালক সভাপতির দায়িত্ব পালন করবেন। |
| (খ) | সদস্য- ১(এক) জন | উপ-আঞ্চলিক পরিচালক | উপ- আঞ্চলিক পরিচালক না থাকলে সদর দপ্তর/অন্য আঞ্চলিক কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালককে বোর্ডের সদস্য করা যাবে। |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য- ২(দুই) জন | শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তিত্ব যেমন- অধ্যাপক, গীতিকার, কবি ও সাহিত্যিক অতিথি বিশেষজ্ঞ সদস্য হবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী । |
| (ঘ) | সদস্য সচিব | উপ-আঞ্চলিক পরিচালক অথবা সহকারী আঞ্চলিক পরিচালক | সহকারী আঞ্চলিক পরিচালক না থাকলে উপ-আঞ্চলিক পরিচালক সদস্য সচিব হবেন। |

স্ব স্ব কেন্দ্রের আঞ্চলিক পরিচালক উল্লিখিত বোর্ড গঠনের প্রস্তাব অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করবেন। বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন। প্রয়োজনবোধে সদর দপ্তর একজন প্রতিনিধি বোর্ডে অন্তর্ভুক্ত করতে পারবে। বোর্ডের সভাপতি প্রতি বছর শ্রেণি নির্ধারণ পরীক্ষার উদ্যোগ গ্রহণ করতে পারবেন।

৩। শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে পরীক্ষার ১(এক) মাস পূর্বেই গীতিকারদের শ্রেণি নির্ধারণ পরীক্ষার বিষয়ে বিভিন্ন পাবলিক নোটিশ বোর্ডে টাঙিয়ে দিতে হবে। অনুষ্ঠেয় শ্রেণি নির্ধারণ পরীক্ষার ঘোষণা বাংলাদেশ বেতারে কমপক্ষে ২০(বিশ) দিন পূর্বে ৭(সাত) বার ও পরবর্তীকালে ৮(আট) বার এবং স্থানীয় সংবাদে প্রচার করতে হবে। সংশ্লিষ্ট গীতিকারদের আবেদনপত্র দপ্তর প্রধান বরাবরে সরাসরি বা ডাকযোগে এবং অনলাইনে জমা দিতে হবে।

৪। তালিকাভুক্ত যে কোন গীতিকারের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলো প্রযোজ্য হবে।

ক) 'গ' থেকে 'খ' শ্রেণিতে উন্নয়নের ক্ষেত্রে 'গ' শ্রেণিতে তালিকাভুক্ত হওয়ার পর কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সময়ের মধ্যে বেতারে কমপক্ষে ১০(দশ)টি মৌলিক গান বাণীবদ্ধ ও প্রচারিত হতে হবে ।

খ) 'খ' থেকে 'ক' শ্রেণিতে উন্নয়নের ক্ষেত্রে 'খ' শ্রেণিতে উন্নীত হওয়ার পর কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সময়ের মধ্যে বেতারে কমপক্ষে ১০(দশ)টি মৌলিক গান বাণীবদ্ধ ও প্রচারিত হতে হবে।

গ) 'ক' থেকে 'বিশেষ' শ্রেণিতে উন্নয়নের ক্ষেত্রে 'ক' শ্রেণিতে উন্নীত হওয়ার পর কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সময়ের মধ্যে বেতারে কমপক্ষে ২০(বিশ)টি মৌলিক গান বাণীবদ্ধ ও প্রচারিত হতে হবে ।

উল্লেখ্য যে, কোন তালিকাভুক্ত গীতিকারের রচিত এবং প্রচারিত মৌলিক গানের মান বিচারের সময় কোন গীতিকারের গান জাতীয় পর্যায়ে স্বীকৃত হলে শ্রেণি নির্ধারণের সময় বোর্ড অনুচ্ছেদ ০৪-এর ক, খ,ও গ-এ বর্ণিত শর্তাবলী শিথিল করতে পারবে। তবে তা সদর দপ্তরের নির্ধারিত বোর্ডের সুপারিশক্রমে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তাদের শ্রেণি নির্ধারণ কার্যকর হবে।

৫। তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে বোর্ডের সদস্যদের স্বাক্ষর সম্বলিত উত্তীর্ণ গীতিকারের পিতার নাম, মাতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, টেবুলেশন সিট, গানের পাণ্ডুলিপি ও তালিকা চূড়ান্তভাবে অনুমোদনের জন্য সদর দপ্তরে পাঠাতে হবে এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তী কালে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে গীতিকারগণ স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে আবেদন ও শ্রেণি নির্ধারণ পরীক্ষায় অংশগ্রহণ করবেন। উল্লেখ্য যে, গীতিকার স্থান পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রে শ্রেণি নির্ধারণের পরীক্ষায় অংশ গ্রহণ সম্ভব না হলে মহাপরিচালকের বরাবরে আবেদন করবেন। আবেদনকারীর আবেদন যাচাই-বাছাই করে সদর দপ্তর সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্র সকল কেন্দ্র/ইউনিট-কে পত্র দিয়ে অবগত করবে এবং কেন্দ্রগুলো তা রেজিস্টারে লিপিবদ্ধ করবে।

(অপর পৃষ্ঠা-২ দ্রষ্টব্য)

৭। বাংলাদেশ বেতারের সাবেক ও বর্তমান কর্মকর্তা, কর্মচারী এবং নিজস্ব শিল্পীর শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/নিজস্ব শিল্পী স্ব স্ব কেন্দ্র প্রধানের মাধ্যমে এবং সাবেক কর্মকর্তা/কর্মচারী/নিজস্ব শিল্পীগণ তাঁদের নিজ এলাকার কেন্দ্র প্রধানের মাধ্যমে মহাপরিচালকের বরাবরে আবেদন করবেন। সদর দপ্তরের অধীনে বোর্ড শ্রেণি নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

সদর দপ্তরের বোর্ড:

| নং | পদবি | বোর্ডের সদস্য | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) | - |
| (খ) | সদস্য-২(দুই) জন | পরিচালক (অনুষ্ঠান) ও পরিচালক (সংগীত) | - |
| (গ) | বিশেষজ্ঞ সদস্য-৩(তিন) জন | শিল্প , সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে যশস্বী ব্যক্তিত্ব যেমন-অধ্যাপক, গীতিকার, কবি ও সাহিত্যিক অতিথি বিশেষজ্ঞ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবেন। | সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী । |
| (ঘ) | সদস্য সচিব | উপ-পরিচালক, সংগীত অথবা সহকারী পরিচালক, | সংগীত অনুবিভাগের উপ-পরিচালক বা সহকারী পরিচালক না থাকলে সদর দপ্তরের অন্য শাখার উপ-পরিচালক বা সহকারী পরিচালককে সদস্য সচিব হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে। |

বোর্ডের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর। বোর্ডের সভাপতি যে কোন সময় প্রয়োজনবোধে বোর্ড পুনর্গঠনের প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

৮। সম্মানী ঃ বোর্ডের সকল সদস্য ১,০০০/-(এক হাজার) টাকা হারে অথবা শিল্পী সম্মানীতে উল্লিখিত হারে সম্মানী প্রাপ্য হবেন। প্রযোজ্য ক্ষেত্রে বেতারের কর্মকর্তা, নিজস্ব শিল্পী বা তালিকাভুক্ত শিল্পী নন এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রথম শ্রেণির টিএ/ডিএ প্রাপ্য হবে।

৯। তালিকাভুক্ত গীতিকারদের শ্রেণি নির্ধারণ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৯/২/২০১৫

(কাজী আখতার উদ্দিন আহমেদ)
মহাপরিচালক

নথি নং- ১৫.৫৩.০০০০.০০৯.৪৩.০১৩.১৪.২৪৪৭

তারিখ ঃ ০৯.০২.২০১৫ খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপ-মহাপরিচালক, অনুষ্ঠান/বার্তা এবং প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ অনুষ্ঠান/ বার্তা/ কৃষি বিষয়ক কার্যক্রম/ বহির্বিশ্ব কার্যক্রম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ সংগীত/ শিক্ষা বাংলাদেশ বেতার, ঢাকা।
৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/কুমিল্লা।
৪. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ কুমিল্লা।
৫. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬. নথি।

সদয় অবগতিকল্পে :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মুঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (সংগীত)